

## 94539 - জরায়ু থেকে নির্গত সাদা স্রাব এর কারণে কি ওজু করে কুরআন শরিফ পড়তে হবে?

### প্রশ্ন

প্রশ্ন: আমি ওজু করে কুরআন শরিফ পড়া শুরু করেছি। কুরআন শরিফ পড়ার মাঝখানে যদি সাদা স্রাব নির্গত হয় তাহলে কি কুরআন শরিফ পড়া চালিয়ে যাওয়ার জন্য পুনরায় ওজু করতে হবে?

### প্রিয় উত্তর

আলহামদুলিল্লাহ।

এক:

লঘু অপবিত্রতা নিয়ে স্পর্শ না করে কুরআন শরিফ পড়া জায়েয আছে। অনুরূপভাবে তাফসির গ্রন্থসমূহ স্পর্শ করা এবং সেখান থেকে কুরআন পড়া জায়েয আছে। তবে ওজু ছাড়া কুরআন শরিফ স্পর্শ করা জায়েয নেই। এ বিষয়ে আরও জানতে 10672 নং ফতোয়া দেখুন।

দুই:

জরায়ু থেকে নির্গত সাদা স্রাব পবিত্র। তবে এটি বের হলে ওজু ভঙ্গবে কিনা এ নিয়ে মতভেদ রয়েছে। জমহূর আলোমের মতে, এটি ওজু ভঙ্গকারী। যদি কারো ক্ষেত্রে এটি লাগাতরভাবে বের হতে থাকে তবে তার ক্ষেত্রে 'প্রস্রাবে অসংযম' রোগীর বিধান প্রযোজ্য হবে। এমন নারী প্রতি ওয়াজ্জের নামাযের জন্য নতুন করে ওজু করবেন এবং এ ওজু দিয়ে ফরজ বা নফল যত রাকাত নামায পড়তে চান পড়ে নিবেন, কুরআন শরিফ স্পর্শ করতে পারবেন। এ সময় স্রাব নির্গত হতে থাকলেও কোন অসুবিধা নেই।

আর এ স্রাব যদি লাগাতরভাবে নির্গত না হয় তাহলে আপনি সরাসরি কুরআন স্পর্শ না করে মোজা বা এ জাতীয় কোন কিছু ব্যবহার করে কুরআন পড়তে পারেন। আরও জানতে 2564 নং ফতোয়া দেখুন।

আল্লাহই ভাল জানেন।